দৈনিক ইত্তেফাক

তারিখ 28 SEP 1991
পৃষ্ঠা ২ কলাম ৬

25

# রাজশাহী বোর্ড : এসএসসি-তে পাসের হার ৬৪·৪৬

● ইত্তেফাক রিপোর্ট ● রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চলতি বছরের এসএসসি পরীক্ষার ফল গতকাল (শুক্রবার) প্রকাশিত হইয়াছে। মোট ১ লক্ষ ৩ হাজার ৯৩১ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। তন্মধ্যে ৬৬ হাজার ৯৯৯ জন পাস করে। পাসের শতকরা হার ৬৪·৪৬। ৭ হাজার ৮২১ জন প্রথম বিভাগে, ২৭ হাজার ৯৮২ জন দ্বিতীয় বিভাগে এবং ৩১ হাজার ১৯৬ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। মোট পরীক্ষার্থীর ৭৪ হাজার ৮২৮ জন ছিল পুরুষ এবং ২৯ হাজার ১০৩ জন মহিলা। সাধারণ বিজ্ঞান বিভাগে মোট পরীক্ষার্থী ছিল ৪১ হাজার ২১৮ জন। ৬ হাজার ৯৩৪ জন প্রথম বিভাগে, ১৪ হাজার ৯১৪ জন দ্বিতীয় বিভাগে এবং ৯ হাজার ৭৯৩ জন তৃতীয় বিভাগে পাস করে। সাধারণ বিজ্ঞান বিভাগে পাসের শতকরা হার ৭৬·৭৬। রংপুর ক্যান্ট পাবলিক স্কুল ও কলেজের ছাত্র আবদুল্লাহ-আল-মাহমুদ ৮৫৯ নম্বর পাইয়া সাধারণ বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অর্জন করিয়াছে। সমাজ বিজ্ঞান শাখায় মোট পরীক্ষার্থী ছিল ৬২ হাজার ৭১৩ জন। ৮৮৭ জন প্রথম বিভাগে, ১৩ হাজার ৬৮ জন দ্বিতীয় বিভাগে এবং ২১ হাজার ৪০৩ জন তৃতীয় বিভাগে পাস করে। সমাজ বিজ্ঞান শাখায় পাসের শতকরা হার ৫৬·৩৮। হারাদীঘি উচ্চ বিদ্যালয়ের ছাত্র মোঃ শাহজাহান আলী ৭৪৮ নম্বর পাইয়া সমাজ বিজ্ঞান শাখার সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অর্জন করে।



মাতাপিতার সাথে আল-মাহমুদ



মায়ের সাথে মুশফিকুর রহমান